Acct. Prog(ICT DMTCL)
15/10/2018.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

## অক্টোবর ২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ০৭ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ
সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) সভার কার্যপত্র পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

০২. বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত বিবরণ অনুযায়ী সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **কার্যবিবরণী দৃঢ়ীকরণ**<br>০৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখ অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | ০৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হল। | |
| ০২. | **প্রশিক্ষণ**<br>(ক) সভাকে অবহিত করা হয় যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে কর্মরত সকল গ্রেডের কর্মকর্তা/কর্মচারীদের জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন প্রণীত সমন্বিত প্রশিক্ষণ ম্যানুয়েল, ২০১৬ অনুসারে গণকর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘন্টা প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। সেপ্টেম্বর'১৮ মাসে সকল গ্রেডের কর্মকর্তা/কর্মচারীকে মোট ১৪০৮ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল প্রশিক্ষণের আওতায় এ বিভাগের ৮০ জন কর্মকর্তা/কর্মচারীকে ১৫ ও ২৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সওজ প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ বিভাগের সকল গ্রেডের ১৪৮ জন কর্মকর্তা/কর্মচারীর বাৎসরিক (জুলাই'১৮-জুন'১৯) ৮৮৮০ ঘন্টা। জুলাই থেকে সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত ৩ মাসের লক্ষ্যমাত্রার বিপরীতে ২৭১০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | (ক) সমন্বিত প্রশিক্ষণ ম্যানুয়েল, ২০১৬ অনুযায়ী এ বিভাগের কর্মচারীদের জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব |
| | (খ) উপসচিব (প্রশিক্ষণ ও সমন্বয়) সভাকে অবহিত করেন সওজ অধিদপ্তরের ৩২ জন উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ও নবনিযুক্ত ১৮ জন উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)সহ মোট ৫০ জন কর্মকর্তার জন্য ২টি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নিউ ইস্কাটন, ঢাকায় আয়োজন করা হবে। ১ম ব্যাচের প্রশিক্ষণ ১৮-১২-২০১৮ তারিখে এবং ২য় ব্যাচের প্রশিক্ষণ ২০-০১-২০১৯ তারিখে অনুষ্ঠিত হবে। | (খ) সওজ অধিদপ্তরের ৩২ জন উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ও নবনিযুক্ত ১৮ জন উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)সহ মোট ৫০ জন কর্মকর্তার জন্য ২টি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স দ্রুত আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নিউ ইস্কাটন, ঢাকায় আয়োজন করতে হবে। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৩. | **ই-নথি**<br>(ক) গত ০২-১০-১৮ তারিখ এ বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্ট ও প্রোগ্রামার, ডিটিসিএ'র নির্বাহী পরিচালক মহোদয়ের এর কক্ষে পরিচালক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে ই-নথি কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। নির্বাহী পরিচালক (ডিটিসিএ) ই-নথি কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে পরিচালক (প্রশাসন) মহোদয়কে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ করানোর জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়াও গত ০৩-১০-১৮ তারিখ এ বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্ট বিআরটিএ'র চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে পরিচালক (প্রশাসন), পরিচালক (অপারেশরন) ও সংশ্লিষ্ট আইসিটি কর্মকর্তাদের নিয়ে আলোচিত সভার মাধ্যমে জানা যায় যে, বিআরটিএ'র সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাগণের অনীহার কারণে ই-ফাইলিং কার্যক্রমে উল্লেখযোগ্য অগ্রগতি হচ্ছে না। ডিটিসিএ'তে এখন পর্যন্ত ই-নথি সংক্রান্ত কোন কার্যক্রম না থাকায় এবং বিআরটিএ'তে ই-নথিতে কোন অগ্রগতি না হওয়ায় সভাপতি মহোদয় ডিটিসিএ ও বিআরটিএ'কে ব্যাখ্যা চাওয়ার নির্দেশনা দেন। | (ক) প্রত্যেক শাখা এবং অধিশাখাকে ই-নথিতে স্ব-উদ্যোগে নোট উপস্থাপন এবং পত্র জারীর সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে। ডিটিসিএ'তে এখন পর্যন্ত ই-নথি সংক্রান্ত কোন কার্যক্রম না থাকায় ব্যাখ্যা চাইতে হবে এবং বিআরটিএ'তে পর্যাপ্ত আইসিটি এক্সপার্ট থাকা সত্ত্বেও ই-নথিতে যে সকল কর্মকর্তা/কর্মচারী অনীহা রয়েছে তাদের নিকট ব্যাখ্যা চাওয়ার জন্য চেয়ারম্যান, বিআরটিএ'কে পত্র দিতে হবে এবং বিষয়টি এ বিভাগ'কে অবহিত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| | **ডিজিটাল হাজিরাঃ**<br>(খ) সভাকে অবহিত করা হয়, এ বিষয়ে উদ্যেগ গ্রহণ করা হয়েছে। খুব শীঘ্রই সিস্টেম ডেভেলপ করে অ্যাপভিত্তিক ডিজিটাল হাজিরার ব্যবস্থা সেট আপ করা সম্ভব হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন সওজ অধিদপ্তরে ডিজিটাল হাজিরার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ০৪. | **অডিট আপত্তি নিষ্পত্তি**<br>(ক) সভাকে অবহিত করা হয়, বিবেচ্য মাসে ২২টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে।<br>(খ) বিবেচ্য মাসে ৩টি দ্বি-পক্ষীয় সভায় ৩১টি আলোচিত অনুচ্ছেদের মধ্যে ২৬টি অনুচ্ছেদ নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে। এছাড়া বিবেচ্য মাসে ৪টি ত্রি-পক্ষীয় সভায় ৬২টি আলোচিত অনুচ্ছেদের মধ্যে ৪৯টি অনুচ্ছেদ নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে। ত্রুটিপূর্ণ অডিট আপত্তির জবাব পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ না করে তা সংশোধনপূর্বক প্রেরণের জন্য সংশ্লিষ্ট সড়ক বিভাগে ফেরত পাঠানোর জন্য সভাপতি পরামর্শ দেন। এছাড়াও অডিট আপত্তির জবাব সঠিকভাবে লেখার বিষয়ে সংশ্লিষ্টদের নিয়ে অতিরিক্ত সচিব (বাজেট)'কে ০১টি সভা আহবানের জন্য সভাপতি নির্দেশনা দেন।<br>(গ) সভাকে অবহিত করা হয় যে, অডিট আপত্তির ব্রডশীট জবাব নিয়মিত পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ অব্যাহত রয়েছে। উপানুষ্ঠানিক পত্রের উত্তর যথাসময়ে প্রদান অব্যাহত রয়েছে। | (ক) অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।<br>(খ) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের সংখ্যা যথাসম্ভব আরো বৃদ্ধি করতে হবে। ত্রুটিপূর্ণ অডিট আপত্তির জবাব পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ না করে তা সংশোধনপূর্বক প্রেরণের জন্য সংশ্লিষ্ট সড়ক বিভাগে ফেরত পাঠাতে হবে। অডিট আপত্তির জবাব সঠিকভাবে লেখার বিষয়ে সংশ্লিষ্টদের নিয়ে অতিরিক্ত সচিব (বাজেট)'কে ০১টি সভা করতে হবে।<br>(গ) অডিট আপত্তির ব্রডশীট জবাব নিয়মিত পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ অব্যাহত রাখতে হবে। উপানুষ্ঠানিক পত্রের উত্তর যথাসময়ে প্রদান করতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট)/ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| ০৫ | **মামলা সংক্রান্ত**<br>(ক) **মামলা তদারকী জোরদার**<br>যুগ্মসচিব (আইন) সভাকে অবহিত করেন যে, ৪টি সংস্থায় আগস্ট/১৮ মাসে ৩৫২৮টি মামলা ছিল। সেপ্টেম্বর/১৮ নতুন রুজু হয়েছে ১৮টি এবং নিষ্পত্তি হয়েছে ১২টি। বর্তমান মামলার সংখ্যা ৩৫৩৪টি। মামলার তথ্যাদি নিয়মিত ডাটাবেজে হালনাগাদ করা হচ্ছে এবং মামলার রায় তারিখসহ কার পক্ষে হয়েছে তা এন্ট্রি করা হচ্ছে। | (ক) মামলার তথ্যাদি ডাটাবেজে নিয়মিত হালনাগাদ করতে হবে এবং মনিটরিং অব্যাহত রাখতে হবে। মামলার রায়ের তারিখসহ কার পক্ষে রায় হয়েছে এবং মামলার সংখ্যা উল্লেখ করে এন্ট্রি আপলোড অব্যাহত রাখতে হবে। সকল দপ্তর/সংস্থাও মামলার তথ্যাদি নিয়মিত ডাটাবেজে হালনাগাদ রাখবে। | যুগ্মসচিব (আইন)/ (বাজেট ও অডিট)/ উপসচিব (রক্ষণাবেক্ষণ) |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | (খ) **কনটেম্পট মামলা**<br>যুগ্মসচিব (আইন) আরো জানান, গত মাসে ৪৮টি কনটেম্পট মামলা ছিল। সেপ্টেম্বর/১৮ মাসে ৪টি নতুন কনটেম্পট মামলা রুজু হওয়ায় (কন: মামলা নং-৩৭২/১৮, ৩৭৩/১৮, ৩৭৪/১৮ এবং ৩০৬/১৮) বর্তমানে মামলার সংখ্যা ৫২টি। বর্তমানে ৫২টি কনটেম্পট মামলার কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হচ্ছে। | (খ) কনটেম্পট মামলাগুলোকে অধিক গুরুত্ব দিতে হবে এবং মামলাগুলোর কার্যক্রম নিয়মিত মনিটর করে নিষ্পত্তি ত্বরান্বিত করতে হবে। | |
| | (গ) **বকেয়ার জন্য মামলা**<br>সভাকে অবহিত করা হয়, ৬৮টি বকেয়া মামলা বকেয়া নিয়মিত মনিটরিং করা হচ্ছে। সেপ্টেম্বর/১৮ মাসে কোন নতুন মামলা দায়ের এবং নিষ্পত্তি হয়নি। | (গ) মামলাগুলোর কার্যক্রম নিয়মিত মনিটর করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে বকেয়ার তালিকা প্রেরণ না করে পরবর্তীতে বকেয়া তালিকা প্রেরণ করায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | |
| ০৬. | **শাখা/অধিশাখা পরিদর্শন**<br>যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, সেপ্টেম্বর/২০১৮ মাসে এস্টেট, আইন, ডিএফডিপি, ডিটিসিএ ও ডিএমটিসি অধিশাখা এবং সওজ গেজেটেড সংস্থাপন শাখা হতে পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। বিআরটিএ সংস্থাপন অধিশাখায় Fiber Optic Cable এর মাধ্যমে Lan Connetion দেওয়া আছে। এছাড়াও ইনফো প্রকল্পের মাধ্যমে WIFI Connection বিদ্যমান রয়েছে। | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী শাখা/অধিশাখা প্রধানগণকে শাখা/অধিশাখা পরিদর্শন অব্যাহত রাখতে হবে। বিআরটিএ সংস্থাপন অধিশাখার WIFI Connection টি আপডেট করতে হবে। | সকল কর্মকর্তা/ সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ০৭. | **মনিটরিং টিমের পরিদর্শন**<br>সভাকে জানান হয় যে, যুগ্মসচিব জনাব মনীন্দ্র কিশোর মজুমদার কুষ্টিয়া সড়ক বিভাগের উন্নয়ন প্রকল্প ও রক্ষণাবেক্ষণ কাজ পরিদর্শন করেন। কুষ্টিয়া-মেহেরপুর-চুয়াডাঙ্গা-ঝিনাইদাহ সড়কের ভাঙ্গা-বটতলা-খলিসাকুন্ডু অংশের কাজের কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মাহফুজ খান অদ্যাবধি কাজ শুরু না করায় জনদুর্ভোগ সৃষ্টির জন্য সভাপতি কুষ্টিয়ার নির্বাহী প্রকৌশলী'কে শোকজ করার পরামর্শ দেন। যুগ্মসচিব জনাব আনোয়ার হোসেন চৌধুরী শেরপুর সড়ক বিভাগের চলমান উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কাজের অগ্রগতির পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। তিনি বলেন ঠিকাদারী প্রতিষ্ঠান তুরনা এন্টারপ্রাইজ শেরপুর সড়ক বিভাগের অধিক কাজ পাওয়ায় আর্থিক সংকটের কারণে কাজ ধীরগতিতে বাস্তবায়ন করছে। এপ্রেক্ষিতে সভাপতি আগামীতে দরপত্র মূল্যায়ন কমিটিকে বিষয়টি বিবেচনায় নেয়ার জন্য এবং কাজের গুণগত মান বজায়ের নিমিত্ত ওয়ারেন্টি সম্পন্ন বিটুমিন ব্যবহারের জন্য প্রধান প্রকৌশলী'কে পত্র দেয়ার পরামর্শ দেন। | মনিটরিং টিমের সদস্যদের পরিদর্শনে গিয়ে কাজের গুনগত মান সঠিকভাবে যাচাই করতে হবে। প্রকল্প অনুমোদনের পর টেন্ডার, কার্যাদেশ এবং ঠিকাদার কর্তৃক কত দিনের মধ্যে কার্যক্রম শুরু করা হল এ বিষয়টি মনিটরিং টিমকে দেখতে হবে। মনিটরিং রিপোর্ট তাৎক্ষণিক জমা দিতে হবে এবং রিপোর্টের সুপারিশসমূহ বাস্তবায়ন হচ্ছে কিনা সেটা মনিটরিং টিমকে দেখতে হবে। কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মাহফুজ খান অদ্যাবধি কাজ শুরু না করায় জনদুর্ভোগ সৃষ্টির জন্য কুষ্টিয়ার নির্বাহী প্রকৌশলী'কে শোকজ করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটিকে তুরনা এন্টারপ্রাইজের বিষয়টি বিবেচনা এবং ওয়ারেন্টি সম্পন্ন বিটুমিন ব্যবহারের জন্য প্রধান প্রকৌশলী'কে পত্র দিতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) মনিটরিং কর্মকর্তা (সকল) |
| ০৮. | **ওয়েব সাইট হালনাগাদ ও যুগোপযোগীকরণ**<br>সভাকে অবহিত করা হয়, ওয়েবসাইটে প্রকাশের জন্য আইসিটি ইউনিটে প্রেরিত এ বিভাগের জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। এছাড়া আগস্ট ২০১৮ পর্যন্ত মেগা প্রকল্প ও Foreign Aided Projects অগ্রগতি প্রতিবেদন পাওয়া গিয়েছে তা ওয়েবসাইটে হালনাগাদ করা হয়েছে। সেপ্টেম্বর মাসের তথ্যাদি পাওয়া মাত্রই সেগুলো হালনাগাদ করা হবে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প সমূহের মনিটরিং সংক্রান্ত ওয়েবসাইটে (pmc.pmo.gov.bd) অতিরিক্ত সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক অধিনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার ফোকাল পয়েন্টগণ নিয়মিত তথ্য হালনাগাদ করছেন। এ বিষয়ে আরো বিস্তারিত এ বিভাগের পরিকল্পনা অনুবিভাগ হতে অবহিত করতে পারেন।<br><br>বিআরটিএ'র ম্যাজিস্ট্রেট কোর্ট কর্তৃক যে জরিমানা/শাস্তি দেয়া হয় তার সার-সংক্ষেপ বিআরটিএ'র ওয়েবসাইট এবং ফেসবুক পেজে ব্যপক প্রচার-প্রচারণার জন্য এ বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্ট বিআরটি'র পরিচালক (এনফোর্সমেন্ট) মহোদয়কে অনুরোধ করেন। ইতোমধ্যে ফেসবুক পেইজ ও ওয়েবসাইটে প্রচারণা শুরু হয়েছে। আরো সুন্দরভাবে প্রচারণার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। | এ বিভাগের ওয়েবসাইটটি নিয়মিত হালনাগাদ রাখতে হবে। জনস্বার্থ সংশ্লিষ্ট সকল বিষয়াদি, মেগা প্রকল্পের তথ্য, সকল টেন্ডার/বিজ্ঞপ্তি ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদ রাখতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুত প্রকল্প সমূহের মনিটরিং সংক্রান্ত ওয়েবসাইটে (pmc.pmo.gov.bd) প্রতিমাসের তথ্য হালনাগাদ রাখতে হবে। অধীনস্থ অধিদপ্তর/ কর্তৃপক্ষ/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট'কে আরো উদ্যোগী হতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ আইসিটি ইউনিট/ সংশ্লিষ্ট কর্মকর্তা |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৯. | **গ্রিভেন্স রিড্রেস সিস্টেম (জিআরএস)**<br>(ক) সভায় অবহিত করা হয় যে, সেপ্টেম্বর/২০১৮ মাসে এ বিভাগের অনলাইনের মাধ্যমে ০৫টি অভিযোগ পাওয়া গিয়েছে। পূর্বের মাসের অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা ছিল ০১টি। মোট অভিযোগের সংখ্যা (০৫+০১)=০৬টি। ০৬টি অভিযোগের মধ্যে ০৬টি অভিযোগের জবাব দেয়া হয়েছে। অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত সেপ্টেম্বর/২০১৮ মাসের তথ্যাদি শীঘ্রই মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | (ক) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ অনুযায়ী অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (আইন)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| | (খ) উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, এ বিভাগে রক্ষিত অভিযোগ বক্সে সেপ্টেম্বর/২০১৮ মাসে কোন অভিযোগ পাওয়া যায়নি। | (খ) এ বিভাগে স্থাপিত অভিযোগ বাক্সটি নিয়মিত খুলে পরীক্ষা করতে হবে এবং এ বিভাগের ফেসবুক পেজে প্রাপ্ত অভিযোগ/মতামত নিষ্পত্তি করতে হবে। | উপসচিব (বাজেট) |
| ১০. | **Right to Information (RTI)**<br>যুগ্মসচিব (আইন ও সংস্থা) সভায় অবহিত করেন যে, RTI সংক্রান্ত সেপ্টেম্বর মাসে কোন আবেদন পাওয়া যায়নি। | Right to Information সংক্রান্ত কোন আবেদন পাওয়া গেলে তা বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে। | যুগ্মসচিব (আইন) |
| ১১. | **সম্পত্তি ব্যবস্থাপনা সফটওয়্যার**<br>যুগ্মসচিব (সম্পত্তি) সভাকে অবহিত করেন যে, Software-এ মহাসড়ক/স্থাপনা ভিত্তিক ভূমির তথ্য এন্ট্রির কাজ চলমান রয়েছে এবং এ বিষয়টি যুগ্মসচিব (এস্টেট) নিয়মিত মনিটরিং করছেন। | সংশ্লিষ্ট সকলের সাথে ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে মহাসড়ক/স্থাপনা ভিত্তিক ভূমির তথ্য এন্ট্রির কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | যুগ্মসচিব (সম্পত্তি)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ১২. | **শূন্য পদ পূরণ**<br>যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, লিখিত পরীক্ষা অনিবার্যকারণবশতঃ স্থগিত করা হয়েছে। | এ বিভাগের ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদসমূহ পূরণের কার্যক্রম দ্রুত এবং নিয়োগ প্রক্রিয়ার কাজ স্বচ্ছভাবে সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ১৩. | **Delegation of Administrative Power**<br>সভাকে অবহিত করা হয় যে, চূড়ান্ত সাংগঠনিক কাঠামোর আলোকে এ বিভাগের বিদ্যমান কর্মবণ্টন সংশোধনের নিমিত্ত গত ০৬-০২-২০১৮ তারিখে কমিটির সদস্যদের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগের কর্মবণ্টন প্রস্তুত করে আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগের কার্যক্রম শুরু করার সুপারিশ করা হয়। এ বিভাগের অফিস কক্ষের সমস্যা সমাধান কল্পে মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক ০১টি ডিও পত্র গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত নথি উপস্থাপন করা হয়েছে। এ বিভাগে অফিস কক্ষের অপ্রতুলতার করণে অন্যান্য শাখাসমূহের বিদ্যমান কর্মবণ্টন আপাততঃ বহাল রাখার পক্ষে কমিটির সদস্যগণ একমত পোষণ করেন। কর্মবণ্টন সংশোধন/হালনাগাদের পর প্রশাসনিক ও আর্থিক ক্ষমতার খসড়া চূড়ান্ত করা যেতে পারে। | চূড়ান্ত সাংগঠনিক কাঠামোর আলোকে এ বিভাগের বিদ্যমান কর্মবণ্টন সংশোধন/ হালনাগাদের পর প্রশাসনিক ক্ষমতার খসড়া চূড়ান্ত করতে হবে। এ বিভাগের অফিস কক্ষের সমস্যা সমাধান কল্পে মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক ০১টি ডিও পত্র গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে মাননীয় মন্ত্রী বরাবর প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| | **Delegation of Financial Power**<br>সভাকে অবহিত করা হয় যে, এ বিভাগের কর্মবণ্টন সংশোধন/হালনাগাদের পর আর্থিক ক্ষমতার খসড়া চূড়ান্ত করা হবে। | এ বিভাগের কর্মবণ্টন চূড়ান্ত হওয়ার পর Delegation of Financial Power এর খসড়া চূড়ান্ত করতে হবে। | |
| ১৪. | **ভিডিও চিত্র**<br>সভাকে অবহিত করা হয় যে, ১৮টি জেলার ৩১টি স্থানে ভিডিও শুটিং গত ১৮/০৯/১৮ইং তারিখে সম্পন্ন হয়েছে। গত ০৪-০৬ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় প্রদর্শন করা হয়েছে। অক্টোবর/২০১৮ তারিখের মধ্যে ভিডিও চিত্রের কাজ সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | অক্টোবর/২০১৮ তারিখের মধ্যে ভিডিও চিত্রের কাজ সম্পন্ন করার করতে হবে। ভিডিও চিত্রটি উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানে প্রেরণ করতে হবে এবং বিদেশ ভ্রমণের সময় প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। | অতিরিক্ত সচিব |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১৫. | **এক্সেল লোড**<br>(ক) সভাকে অবহিত করা হয় যে, বাথুলী এক্সেল লোড কন্ট্রোল স্টেশন এর Service Provider নিয়োগের জন্য রেগনাম রিসোর্স লিমিটেডকে নিয়োগের জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর হতে একটি প্রস্তাব প্রেরণ করা হয়। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে কতিপয় তথ্য প্রেরণসহ বর্ণিত এক্সেল লোড কন্ট্রোল স্টেশনটি নতুন স্থান ফলসেটিয়া নামক স্থানে দ্রুত স্থানান্তর কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে। তথ্য না পাওয়ায় তাগিদপত্র দেয়া হয়। তারপরও তথ্য না পাওয়ায় পুনঃ তাগিদপত্র প্রদান করা হয়েছে। | (ক) বাথুলি এক্সেল লোড কন্ট্রোল স্টেশন এর Service Provider নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | যুগ্মসচিব (টোল ও এক্সেল) |
| | (খ)Touch & Go পদ্ধতি ব্যবহারে সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধ করার জন্য লিফলেট বিতরণ, টিভি ও সংবাদপত্রে প্রচারের লক্ষ্যে নমুনা লিফলেট ও নমুনা বিজ্ঞপ্তি প্রস্তুত এবং দ্রুত সময়ের মধ্যে একটি স্ক্রীপ্ট তৈরী করে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণের জন্য প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরকে তাগিদপত্রসহ কয়েকবার পত্র দেয়া হয়েছে। কিন্তু অদ্যাবধি কোন তথ্য/ডকুমেন্ট পাওয়া যায়নি। উল্লেখ্য Touch & Go পদ্ধতি ব্যবহারে সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধকরণ বিষয়ে বিভিন্ন বাস ও ট্রাক মালিক সংগঠনের প্রতিনিধিদের নিয়ে সভা আহবানের জন্য ইতঃপূর্বে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরকে পত্র দেয়া হয়েছে। পরবর্তীতে আলোচ্য বিষয়ে প্রচারণামূলক একটি সভা আহবানের জন্য প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়েছে। | (খ) Touch & Go পদ্ধতি ব্যবহারে সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধ করার জন্য লিফলেট বিতরণ, টিভি ও সংবাদপত্রে প্রচারের ব্যবস্থা নিতে হবে। দ্রুত সময়ের মধ্যে একটি স্ক্রীপ্ট তৈরি করতে হবে। বিভিন্ন পরিবহন ও বাস মালিক সমিতিকে নিয়ে প্রচারণামূলক ০১টি সভা আহবান করতে হবে। | অতিরিক্ত সচিব/প্রধান প্রকৌশলী, সওজ/ যুগ্মসচিব (টোল ও এক্সেল) |
| ১৬. | **<u>সড়ক ও জনপথ অধিদপ্তরে কর্মরত ওয়ার্কচার্জড কর্মচারীদের নিয়মিতকরণ</u>**<br>সভায় অবহিত করা হয় যে, ওয়ার্কচার্জড কর্মচারীদের (২৬৬৭ জন) রাজস্ব খাতের নিয়মিত সংস্থাপনে আনয়নের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের (নন-ক্যাডার গেজেটেড এবং নন-গেজেটেড কর্মকর্তা/কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ এ বয়সসীমা এককালীন শিথিল করে বিশেষ বিধান সন্নিবেশ করার বিষয়টি চূড়ান্তকরণের নিমিত্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ভেটিং এর জন্য প্রেরণ করা হয়েছে। ভেটিং প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম গ্রহণন করা হবে। | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ভেটিং এর পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (টোল ও এক্সেল) |
| ১৭. | **<u>উন্নয়ন মেলাঃ</u>**<br>'উন্নয়নের অভিযাত্রায় অদম্য বাংলাদেশ' এ স্লোগান নিয়ে ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮ তে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও তার অধীনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানী কর্তৃক স্থাপিত মেলার স্টলে দর্শনার্থীদের জন্য মন্তব্য রেজিষ্টারে সংরক্ষণ করা হয়। উক্ত মন্তব্য রেজিষ্টারে দর্শনার্থী কর্তৃক লিপিবদ্ধ মন্তব্য সমূহ বিশ্লেষণ/পর্যালোচনাকরতঃ আগামী উন্নয়ন মেলায় তার প্রতিফলন ঘটানোর জন্য সভাপতি এ বিভাগের অধীনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/ সংস্থা/কোম্পানী'কে পত্র দেয়ার পরামর্শ দেন। | দর্শনার্থী কর্তৃক লিপিবদ্ধ মন্তব্যসমূহ বিশ্লেষণ/পর্যালোচনাকরতঃ আগামী উন্নয়ন মেলায় তার প্রতিফলন ঘটানোর জন্য এ বিভাগের অধীনস্থ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/ কোম্পানী'কে পত্র দিতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১৮. | **বিদেশ ভ্রমণ শেষে ডি-ব্রিফিং**<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের যে সকল কর্মকর্তা বিদেশ ভ্রমণ করে অভিজ্ঞতা অর্জন করেছেন সে সকল কর্মকর্তার ধারাবাহিকভাবে প্রশিক্ষণলব্ধ জ্ঞান ডি-ব্রিফিং সভায় উপস্থাপন অব্যাহত আছে। অক্টোবর ২০১৮ মাসে অনুষ্ঠিত মাসিক সভায় এ বিভাগের অতিরিক্ত সচিব জনাব সফিকুল ইসলাম, উপসচিব জনাব মোঃ ফারুক হোসেন এবং সিনিয়র সহকারী প্রধান জনাব মোঃ মাহবুব-এ-এলাহী এর ডি-ব্রিফিং করার জন্য মনোনীত থাকলেও অনিবার্য কারণবশত তা করা সম্ভব হয়নি। সভাপতি পরবর্তী সভায় ডি-ব্রিফিং করার জন্য অভিমত দেন। | কর্মকর্তাগণের বিদেশ ভ্রমণ সম্পর্কিত ডি-ব্রিফিং কার্যক্রম যথারীতি চলমান থাকবে। সংখ্যা বেশি হলে পৃথক সভারও আয়োজন করা যেতে পারে। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) |

০৩. পরিশেষে সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সচেষ্ট ও আন্তরিক হওয়ার পরামর্শ দেন এবং সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৯/১০/১৮
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

নং-৩৫.০০.০০০০.০০৮.০৬.০০১.১৮-১২৩০

তারিখ : ২৬ আশ্বিন ১৪২৫ / ১১ অক্টোবর ২০১৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২. যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৪. উপসচিব (সকল)/উপপ্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৫. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

আগামী ০১-১১-২০১৮ তারিখের মধ্যে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির লিখিত প্রতিবেদন প্রশাসন শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল।

১১/১০/১৮

(মোহাঃ লিয়াকত আলী খান)
সহকারী সচিব
ফোন: ৯৫৮৪১২৮, ফ্যাক্স: ৯৫৮৫১৩৮
ই-মেইল: asadmin@rthd.gov.bd